

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।

স্মা - র - ক - লি পি / মোহাম্মদ


নং- ২৩৫

তার- ৩০/০৯/২০২০

উপজেলা পরিষদের কৃষি ও সেচ সংক্রান্ত বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০৪/১০/২০২০ ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর এর সভাপতিত্বে উপজেলা কৃষি অফিস, মাদারগঞ্জ, জামালপুর এর কার্যালয়ে উপজেলা পরিষদের কৃষি ও সেচ সংক্রান্ত বিষয়ক স্থায়ী কমিটির সভা আহবান করা হইল। উক্ত সভায় সম্মানিত সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী :

- ০১। ফাজিলপুর মধ্যপাড়া জলাবদ্ধতা দুরীকরন :
- ০২। রবি মৌসুমে উচ্চফলনশীল সরিষা বিতরন।
- ০৩। বিবিধ।


(মোহাম্মদ মাহফুজ ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ০৩। ----- উপজেলা পরিষদের কৃষি ও সেচ সংক্রান্ত বিষয়ক স্থায়ী কমিটির সদস্য
(সকল) মাদারগঞ্জ, জামালপুর।
- ০৪। অফিস কপি।

কৃষি ও সেচ সংক্রান্ত কমিটির মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মো : হুমায়ন কবির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
তারিখ : ০৪/১০/২০২৪ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা কৃষি অফিস, মাদারগঞ্জ।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী সোতাবেক বক্তব্য উপস্থাপনের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিবকে অনুরোধ জানান।

আলোচনা-১। ফাজিলপুর পশ্চিম মধ্যপাড়া জলাবদ্ধতা দূরীকরণ :

সভায় সদস্য সচিব সভাকে জানান, বর্ষা মৌসুমে ফাজিলপুর পশ্চিম মধ্যপাড়া বৃষ্টি ও বন্যার পানি জমে জলাবদ্ধতা তৈরী হয়। এত জায় ২০০ একর জমিতে রোপা আমন চাষ সহ অন্যান্য ফসল আবাদ করা সম্ভব হয়না। উক্ত স্থানে একটি কালভার্ট বা বৃহৎ আকারে পাইপের মাধ্যমে পানি নিষ্কাশন করা গেলে সহজেই ২০০ একর জমি চাষাবাদেও আওকায় আনা সম্ভব। উক্ত বিষয়ে কমিটির উপস্থিত সকল সদস্যবৃন্দ কালভার্ট নির্মাণের প্রয়োজনীয়তা সম্পর্কে আলাপ আলোচনা করে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত : ফাজিলপুর পশ্চিম মধ্যপাড়া কালভার্ট নির্মাণ করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-২ রবি মৌসুমে উচ্চ ফলনশীল জাতের সরিষা বীজ বিতরণ :

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, রবি মৌসুমে উচ্চ ফলনশীল জাতের সরিষা বিতরণ করার ব্যাপারে আলাপ আলোচনা করেন। উক্ত আলোচনাকে কেন্দ্র করে সভাপতি জানান, অত্র এলাকায় কৃষকগণ দেশী জাতের সরিষা আবাদ করে এক্ষেত্রে উচ্চ ফলনশীল জাতের সরিষা বীজ বিতরণ করলে কৃষকরা বেশ উপকৃত হবেন। এরই আলোকে এ বছর ৫ টি গ্রামে উচ্চ ফলনশীল জাতের সরিষা বীজ প্রদান করলে কৃষকরা বেশ লাভবান হবেন। তাই উচ্চ ফলনশীল জাতের সরিষা বীজ ক্রয় বাবদ টা= ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা) মাত্র উপজেলা পরিষদ থেকে প্রদান করলে ৮০০ জন কৃষকের মাঝে অনুদানে বিতরণ করা যাবে। উপস্থিত সদস্যবৃন্দ উক্ত বিষয়ে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত : উচ্চ ফলনশীল জাতের সরিষা বীজ ক্রয় বাবদ টা= ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা) মাত্র বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


(মো : হুমায়ন কবির)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি

মাদারগঞ্জ, জামালপুর।

তারিখ- ০৪/১০/২৪

স্মারক নং- ৬০০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
- ৪। -----সদস্য (সকল) মাদারগঞ্জ, জামালপুর।
- ৫। অফিস নথি।


উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি

মাদারগঞ্জ, জামালপুর।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী

শ্রী/স.০৪১২৩১২৩

ক্রমং	উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ হুমায়ন কবির , ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর ।	সভাপতি	শ্রী'
২	জনাব মোঃ তোফিকুল ইসলাম, চেয়ারম্যান, ১ নং চরপাকেরদহ ইউপি, মাদারগঞ্জ, জামালপুর ।	সদস্য	শ্রী.
৩	জনাব মোঃ শামিম আহমেদ দুদু	সদস্য	শ্রী.
৪	জনাবা মোছাঃ শেফালি বেগম	সদস্য	শ্রী.
৫	জনাব রায়হান রহমতুল্লাহ রিমু	সদস্য	শ্রী.
৬	জনাব মোহাম্মদ মাহফুজুল ইসলাম উপজেলা কৃষি অফিসার	সদস্য সচিব	শ্রী. Cey